# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৭৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নির্ধারিত সময়ে সালাত আদায় করা আল্লাহর কাছে অন্যতম প্রিয় আমল

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الصَّلَاةَ لِوَقْتِهَا مِنْ أَحَبِّ الْأَعْمَالِ إِلَى اللَّهِ جَلَّ وَعَلَا

আরবী

1475 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ وَمُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ وَحَفْصُ بْنُ عُمَرَ الْحَوْضِيُّ قَالُوا: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: الْوَلِيدُ بْنُ الْعَيْزَارِ أَخْبَرَنِي قَالَ: سَمِعْتُ أَبَا عَمْرٍو الشَّيْبَانِيَّ يَقُولُ: حَدَّثَنَا صَاحِبُ هَذِهِ الدَّارِ وَأَوْمَأَ بِيَدِهِ إِلَى دَارِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ أَنَّهُ سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيُّ الْأَعْمَالِ أَحَبُّ إِلَى اللَّهِ؟ قَالَ: (الصَّلَاةُ لِوَقْتِهَا) قَالَ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: (بِرُّ الْوَالِدَيْنِ) قَالَ: ثُمَّ أَيٌّ؟ قَالَ: (الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ) قَالَ: خَصَّنِي بِهِنَّ وَلَوِ استزدته لزادني.

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1475 | خلاصة حكم المحدث.صحيح ـ

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو عَمْرٍو الشَّيْبَانِيُّ كَانَ مِنَ الْمُخَضْرَمِينَ وَالرَّجُلُ إِذَا كَانَ فِي الْكُفْرِ سِتُّونَ سَنَةً وَفِي الْإِسْلَامِ سِتُّونَ سَنَةً يُدعى مخضرماً

বাংলা

১৪৭৫. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, আল্লাহর কাছে কোন আমল সবচেয়ে বেশি প্রিয়?” জবাবে তিনি বলেন, “সময়মতো সালাত আদায় করা।” তারপর তিনি প্রশ্ন করেন, “তারপর কোনটি?” জবাবে তিনি বলেন, “পিতামাতার সাথে সদাচারণ করা।” আবার প্রশ্ন করেন, “তারপর কী?” জবাবে বলেন, “আল্লাহর পথে জিহাদ করা।” রাবী বলেন, “তিনি আমাকে এসব খাস করে বলেছেন, যদি আমি তাকে আরো বেশি জিজ্ঞেস করতাম, তবে তিনি আরো উত্তর দিতেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ আমর শাইবানী মুখাযরামী ছিলেন। কোন ব্যক্তি যখন কুফরে ৬০ বছর আর ইসলামে ৬০ বছর বেঁচে থাকেন, তখন তাকে মুখাযরামী বলা হয়।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪২১; তাহাবী, মুশকিলুল আসার: ৩/২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১৪৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90790

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন